**২২তম সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট**

**কস্টা কন্স্টানটিনাইডস (Costa Constantinides)** (D, WF)

**হ্যালো, আমি Costa Constantinides এবং আমি আপনাদের সিটি কাউন্সিল মেম্বার পদে প্রার্থী। আমার জীবনের পুরোটা অংশই আমি অধিকতর নিরাপদ এস্টেরিয়া এবং ওয়েষ্টার্ণ কুইনস গড়ার জন্য নিরলস কাজ করে চলেছি। আমি এই নেইবারহুডে বেড়ে ওঠা খুব পছন্দ করতাম। শৈশব থেকেই আমি সংগ্রামের গুরুত্ব এবং সমাজের জন্যে এর ভূমিকা সম্পর্কে শিখেছি। শৈশবে একবার মাকে নিয়ে আমি স্কুল বাঁচাতে ছুটে গিয়েছিলাম। এখন একজন স্বামী এবং বাবা হিসেবে আমি চাই আমার পরিবার হোক সেরা পরিবার। একজন সমাজ সংগঠক হিসেবে ডিস্ট্রিকট লীডার এবং ষ্টাফ হিসেবে সিটি কাউন্সিলে আমার অনেকগুলো জয়ের ঘটনা আছে। একজন ডেমোক্রেটিক ডিস্ট্রিকট লীডার আমি গ্রান্ড এভেনিউ ডাকঘর বাঁচাতে সহায়তা করেছি, ট্রাফিক ব্যবস্থার উন্নয়ন, ভালো ভালো স্কুলগুলো রক্ষার্থে আমি উল্লেখযোগ্য ভূমিকা রেখেছি। কুইনস কাউন্ট্রি ইয়াং ডেমেক্রেটস এর সভাপতি হিসেবে আমি প্রেসিডেন্ট ওবামাকে জয়ের জন্য কাজ করেছি তার সাথে অপরাপর প্রগতিশীল  নেতাদের জন্যও UCCA-এর একজন নির্বাহী সদস্য হিসেবে আমি দায়ীত্বশীল উন্নয়নমূলক কাজে শক্তিশালী অবদান রেখেছি। একজন লেজিমলেটিভ ডাইরেষ্টার এবং ডিপুটি চীফ অব স্টাফ ইন দ্যা সিটি কাউন্সিল হিসেবে বায়ু দূষণ রোধে এবং প্রাণীর জলের মানোন্নয়নে অসামান্য ভূমিকা পালন করেছি। সিটি কাউন্সিল সদস্য নির্বাচিত হতে পারলে জীবনের প্রতিটি মুহূর্ত সামাজিক উন্নয়নে দিনমান কাজ করব। একটি অধিকতর নিরাপদ সমাজ গঠনের লক্ষ্যে দরকার অধিকতর পুলিশ অফিসার এবং ফায়ার কাইঠারের ব্যবস্থা। বাতাস প্রবেশ স্বাস্থ্য ব্যবস্থাকে অধিকতর উপযোগী করে তোলার জন্যে সিনহা হাসপাতালকে আরো আধুনিক করা প্রয়োজন। স্কুলগুলোকে অতিরিক্ত শিক্ষক নিয়োগের কারণে সমস্যা সৃষ্ঠি হয়েছে, সমস্যা হয়েছে আসনের ক্ষেত্রেও। এটা নিরলস প্রযোজন। বায়ু দুষণ নিরোধ কল্পে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন যেমন আমাদের সবুজ চত্তর আরো সম্প্রসারিত করতে হবে। এ গুলো বৃহৎ পরিকল্পনা এবং করা খুব সহজসাধ্যও নয়। আমি নিশ্চয়তা দিয়ে বলতে পারি কেহই আপনাদের জন্য অধিক শ্রম দিতে এগিয়ে আসবেন না। আপনাদের সময়ের জন্য আপনাকে ধন্যবাদ।**

*প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত।  ক্যাম্পেইন ফাইন্যান্স প্রোগ্রাম অংশগ্রহণ করছেন।*

**২২তম সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট**
**ড্যানিয়েল এম. ডি স্টেফানো (Danielle M. De Stefano)** (C, I)

**হাই। আমার নাম Danielle De Stefano। সিটি কাউন্সিল ২২তম ডিস্ট্রিকেট আমি একজন প্রার্থী। এটি এস্টোরিয়া, যা দীর্ঘ দ্বীপ নগরী ইস্ট এমহাস্ট জ্যাকসন হাইটস্ এবং বিশাল বনাঞ্চলের চারিদিকে বেষ্টিত। স্বতন্ত্র প্রার্থী হিসেবে লড়াই করছি, তবে গর্বের বিষয় হলো রক্ষনশীল দল আমাকে সমর্থন বাচক দৃষ্টিভঙ্গী ব্যাক্ত করেছে। আমি প্রার্থী হয়েছি কারণ আমি মনে করি আমিই একমাত্র প্রার্থী যিনি ভোটারদের আশা, আকাংখা ও স্বপ্নের ভাষা বোঝে। আমি এস্টোরিয়ানে বংশানুক্রামক ৪র্থ ব্যক্তি এবং আমার স্বামী একজন গ্রীক অভিবাসীর সন্তান যিনি এদেশে এসেছিলেন একটি উন্নত জীবনের সন্ধানে। বিষয়গুলো আমার বিবেচনায় অতীব গুরুত্ববহ এবং আমার বিশ্বাস এটা ২২তম ডিস্টিকট্ এর সকলের কাছেই গুরুত্বপূর্ণ যে, এখানকার জননিরাপত্তা, আবাসন ও ওয়ার্ক ষ্টাডি নিতান্তই দুশ্চিন্তার কারণ। আমি আমাদের লোকদের জীবন যাত্রা নিয়েই শুধু ভাবছিনা আমার চিন্তা চেতনায় রয়েছে এই লোকগুলোর জীবনের মানোন্নয়ন। এই কাজটি করতে যে ত্যাগ ও একাগ্রতা দরকার, আমার দুটোই আছে। আমি স্বীকার করি, যে কাজে আমি হাত দিয়েছি এটি একটি মহান ও কার্যসাধ্য কাজ। এখানে আমার প্রত্যয় আমি জনগনের প্রত্যাশা পুরনে আমি সর্বশক্তি নিয়োগ করবো যাদেরকে আমি ভালোবাসি। দেখুন না কোথায় দাড়িয়ে আমি এ প্রত্যয় ব্যক্ত করছি। আমি একজন মা, একজন গৃহিনী, একজন প্রশিক্ষক এবং একজন পরামর্শক। আমি মনে করি আমার গুনগুলোকে আমি কাজে লাগিয়ে তার সাথে অন্য যে সামথ্য রয়েছে যুক্ত করে জনগনের সেবায় ব্রত করা যায় এবং আমার এ আরাধ্য বাস্তবায়নে আশা করার ২২তম কাউন্সিল ডিস্ট্রিকট্ এর নগরবাসী আমার পাশে থাকবে। আমি আশা করি আপনাদের ভোট পাবো।**

*প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেইন ফাইন্যান্স প্রোগ্রাম অংশগ্রহণ করছেন।*

**২২তম সিটি কাউন্সিল ডিষ্ট্রিক্ট**
**লিন সার্প (Lynne Serpe)** (G)

**হ্যালো, আমি Lynne Serpe, ২২তম ডিস্ট্রিক্টের সিটি কাউন্সিল নিবার্চনে আপনাদের গ্রীন পার্টি প্রার্থী। গতানুগতিকভাবে আপনারা রাজনিতীর প্রতি বীতশ্রদ্ধ হয়ে পড়েছেন, কেলেঙ্কারী আর পিছন দরজা লেনদেনে? ভোটারগনকে একটা শক্ত ও স্বাধীন পছন্দ করার স্বাধিকার আমি প্রদান করছি। আমার কাছে বাস্তব সমাধান রয়েছে এবং আমাদের কমিউনিটি ও সরকারে কাজ করার অভিজ্ঞতা। কুইন্স লাইব্রেরি একটা সবুজায়ন উদ্যোগে প্রায় ১ মিলিয়ন ডলার তহবীল সংগ্রহে সহায়তা দিয়েছি, এবং নতুন বাগান সৃজন করেছি যে লোকেরা স্বাস্থসম্মত খাদ্য উৎপাদন করে নিবার্চন সংশ্লিষ্ট ব্যাক্তিবর্গকে সেবা প্রদান ও আইনের খসড়া প্রস্তুতকারী নিবার্চিত কর্মচারীদের জন্য আমি কাজ করেছি। আপনাদের এমন একজন কাউন্সিল মেম্বার প্রয়োজন যিনি ব্যাক্তি কেন্দ্রীক উদ্যেক্তাদের তাদের প্রতিশ্রুতী রক্ষা করা নিশ্চিত করবে, নতুন স্কুল এবং সুপার মার্কেট সমূহের জন্য এবং একটা নতুন কমিউনিটি সেন্টার ও তটরেখা বরাবর নিকটতর সান্নিধ্য প্রদান। আমার কাছে সম্পদের সুবিজ্ঞ সদব্যবহার, জনস্বাস্থ এবং ক্ষুদ্র ব্যাবসা গতিশীলকরন, সবুজ সতেজ মনে করা উচিৎ। আমার বাবা আর্মিতে GED পেয়েছিলেন এবং আমি কলেজ শিক্ষা চালিয়ে নিতে বহুবিধ কাজ করেছি। আমি জানি কেমন করে টাকা বাঁচানো যায় এবং ভাল শিক্ষার গুরুত্ব। আমাদের প্রয়োজন সবুজায়ন শিক্ষা এবং শক্তি সামর্থে বিনিয়োগ করা, যা সেরা বিল কমিয়ে আনবে। সাধ্যের মধ্যে গৃহায়ন সংরক্ষন এবং স্থানীয়ভাবে কর্মসংস্থান করবে। আরও বাস, সাইকেল চলাচল এবং জলযান বায়ু গুনামান উন্নত করবে এবং গণপরিবহনে ভীড়, জটলাবদ্ধতা কমাবে, সাথে সাথে আমাদের আবর্জনা পুন:ব্যাবহার ও এর কর্মকান্ড মিলিয়নকে মিলিয়ন মানুষকে রক্ষা করবে। আসুন আমাদের পার্কগুলোকে উন্নীত করি, আমাদের খালি জায়গাগুলি সবুজায়ন করি এবং আমাদের লাইব্রেরীগুলি সম্মৃদ্ধ করি বয়স্ক কেন্দ্র ও আফটার স্কুল কর্মসূচী সমূহ, আমরা চমৎকার এক বহুবিধ মিশ্রনের পরিবেশে বাস করি। আমি আপনাদের জন্য কাজ করতে চাই, একে নিরাপদ পরিচ্ছন্ন ও সবুজ রাখতে চাই। আমি নভেম্বর ৫ তারিখে আপনাদের ভোট চাই। অনুগ্রহপূবৃক আমার ওয়েবসাইট সাইট ভিজিট serpeforcouncil.org করুন। ধন্যবাদ।**

*প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেইন ফাইন্যান্স প্রোগ্রাম অংশগ্রহণ করছেন।*

**২২তম সিটি কাউন্সিল ডিষ্ট্রিক্ট**
**জেরী ক্যান (Jerry Kann)** (P)

বর্তমানে দুটি নিউইয়র্ক বিদ্যমান।একটি হলো স্বল্প জনগোষ্ঠীর যারা অনেক, অনেক ধনী এবং যারা আইনকে কমই তোয়াক্কা করে। আর অপরটি হলো বিশাল জনগোষ্ঠীর জনপদ, যাদের অধিকাংশ কাজ-কর্ম করে নগরীকে বাঁচিয়ে রেখেছে আর কেহ আছে যারা কোন কাজই পাচ্ছেনা। আমরা দ্বিতীয় শ্রেনীভূক্ত লোকেরা প্রথম শ্রেণীর লোকদেরকে আইনের দীর্ঘ হাতে ফিরিয়ে আনা প্রয়োজন। প্রায় দুই বছর আগের কথা, আমি মেয়র Michael Bloomberg এর বিরুদ্ধে আনুষ্ঠানিকভাবে একটা অভিযোগ উত্থাপন করেছিলাম। সিটির ক্যাম্পেইন ফিন্যান্স ল মত দিল যে, Bloomberg ২০০৯ সালের নির্বাচন কালে আইন লঙ্ঘন করেছেন। ক্যাম্পেইন ফিনান্স বোর্ড, তার কাজের অংশ হিসেবে, মেয়রকে একটি আদেশ বলে পরিস্কার করল যে তিনি অসৎ। এখনও, বোর্ডের চার সদস্যের মধ্যে একজন মত দিলেন মামলাটির তদন্ত করে কার্যক্রম শুরু করতে। এটা ছিল একটা ভাল লক্ষন। দু:খজনক ব্যাপার হলো নিউ ইয়র্ক সিটিতে এ নিয়ে তুলকালাম শুরু হয়ে গেল। গণতন্ত্র নিজেই সংকটে। কিছু লোককে যদি আইন লঙ্ঘনের সুযোগ করে দেয়া হয় যা সকলের মেনে চলাই বাঞ্চনীয়, সে ক্ষেত্রে বেশী সুযোগপ্রাপ্ত স্বল্প সংখ্যক লোকজন অবশ্যই ক্ষমতার অপব্যবহার শুরু করে দেবে। তখন তারা জনগণের অধিকার ও স্বার্থের বিরুদ্ধে ক্ষমতার অপব্যবহার শুরু করে দেবে। আমরা সেটা ঘটার অনুমোদন দিতে পারি না। কিন্তু আর বেশী কি, আমরা এটাকে সহ্য করার কোন কারণই নেই এই পৃথিবীতে। আমি যদি নির্চাচিত হই, আমি আইনের কিছু বিষয়ে কাজ করতে চাই যার ফলে দূর্নীতি কিছুটা তিরোহিত হবে যা আমি এখানে বর্ণনা করেছি। আমি নভেম্বর মাসের ৫ তারিখ, মঙ্গলবার, আপনাদের ভোট চাই এবং আপনাদেরকে ধন্যবাদ।

*প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেইন ফাইন্যান্স প্রোগ্রাম অংশগ্রহণ করছেন।*